অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল থ্যাঙ্কসগিভিং উইকেন্ডের মাধ্যমে প্রতিবন্ধী এবং বেপরোয়া গাড়ি চালানোর বিরুদ্ধে ক্র্যাকডাউন ঘোষণা করেছেন

2023 সালে চলাচলের সময় 35,508টি টিকিট ইস্যু করা হয়েছে

গভর্নরের ট্রাফিক সেফটি কমিটির মাধ্যমে অর্থায়ন করা বেশ কয়েকটি বার্ষিক অ্যালকোহল- এবং ড্রাগ-সম্পর্কিত এনফোর্সমেন্ট ক্যাম্পেইনগুলোর মধ্যে এটি একটি

হলিডে ট্রাভেল সহজ করার জন্য নির্মাণ কাজ সাময়িকভাবে স্থগিত করা হয়েছে

আজকে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ঘোষণা করেছেন যে স্টেট ব্যাপী স্টেট পুলিশ এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলো মদ্যপ বা নেশাগ্রস্ত এবং বেপরোয়া ড্রাইভিংকে লক্ষ্য করে থ্যাঙ্কসগিভিং উইকএন্ডের মাধ্যমে টহল বাড়াবে। বিশেষ এনফোর্সমেন্ট পিরিয়ড যেটি হলো গভর্নরের ট্রাফিক সেফটি কমিটির মাধ্যমে অর্থায়িত একটি উদ্যোগ, শনিবার, 23 নভেম্বর থেকে রবিবার, 1 ডিসেম্বর পর্যন্ত চলবে এবং এটি মুভ ওভার আইন অমান্য করার মতো অন্যান্য অনিরাপদ ড্রাইভিং আচরণকেও নজরদারির আওতায় নিয়ে আসবে।

"থ্যাঙ্কসগিভিং বছরের ব্যস্ততম ভ্রমণ মৌসুম শুরু করে এবং আমরা চাই প্রত্যেকেই তাদের বন্ধু এবং প্রিয়জনের কাছে নিরাপদে পৌঁছাক," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি আমাদের সৈন্যদের এবং স্থানীয় আইন প্রয়োগকারীদের ধন্যবাদ জানাই যারা থ্যাংকসগিভিং এবং সারা বছর ছুটিতে আমাদের রাস্তাগুলো নিরাপদ ও পরিচ্ছন্ন রাখতে কাজ করেছেন।" আমি চালকদের সতর্ক থাকার জন্য, ধৈর্য ধারণ করার জন্য এবং রাস্তার পাশে যানবাহন থামতে দেখলেই সরে যাওয়ার জন্য অনুরোধ করছি।"

থ্যাঙ্কসগিভিং ছুটির সময় ট্রাফিকের পরিমান অত্যাধিক বেড়ে যায়। এটি বছরের এমন একটি সময় যা অ্যালকোহলের ব্যবহার বৃদ্ধির সাথে সম্পর্কিত। 2023 থ্যাঙ্কসগিভিং ছুটির সময়ে আইন প্রয়োগকারী কর্মকর্তারা DWI-এর জন্য 1,342 জন চালককে গ্রেপ্তার করেছে, 7,656 টি দ্রুত গতির টিকিট এবং আইন ভঙ্গ করে বেপরোয়াভাবে গাড়ি চালানোর জন্য 970 টি টিকিট ইস্যু করেছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ সুপারিনটেনডেন্ট Steven G. James (স্ট্যাভেন জি. জেমস) বলেন, "আমাদের সড়কে একটি সাধারণ হুমকি যেটির বিরুদ্ধে আমরা প্রতিনিয়ত লড়াই করে আসছি তা হলো মদ্যপ ও নেশাগ্রস্ত অবস্থায় বেপরোয়াভাবে গাড়ি চালানো। প্রত্যেকের সুরক্ষা নিশ্চিত এবং এই ছুটিকে নিরাপদ করার লক্ষ্যে ট্রাফিক আইন প্রয়োগ করা অপরিহার্য। নিউ ইয়র্ক স্টেট পুলিশ গর্বিতভাবে আমাদের আইন প্রয়োগকারী অংশীদারদের সাথে একত্রে মদ্যপ এবং নেশাগ্রস্ত চালকদের প্রতিরোধ, শনাক্তকরণ এবং আটক করার চলমান প্রচেষ্টায় অংশ নিচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকেলস (New York State Department of Motor Vehicles) কমিশনার Mark J.F. Schroeder (মার্ক জে. এফ. শ্রোডার) বলেন, "থ্যাঙ্কসগিভিং হলো বন্ধু এবং পরিবারের সাথে একত্রিত হয়ে আনন্দ উপভোগ করার একটি সময়। মদ্যপ বা নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর পরিণতি সেই ছুটির স্মৃতিগুলো চিরতরে নষ্ট করে দিতে পারে। এটি কোনো সাধারণ ঝুঁকি নয়। আমাদের আইন প্রয়োগকারী অংশীদাররা নিউ ইয়র্কের রাস্তা নিরাপদ রাখার জন্য কাজ করতে এই ছুটিতে তাদের পরিবার থেকে দূরে সময় কাটাবেন।"

স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (State Department of Transportation) কমিশনার Marie Therese Dominguez (মারি থেরেসি ডমিঙ্গুয়েজ) বলেন, "থ্যাঙ্কসগিভিং ছুটির দিনটি বছরের সবচেয়ে ব্যস্ততম সময়গুলোর মধ্যে একটি কারণ গাড়িচালকরা তাদের পরিবার এবং বন্ধুদের দেখতে স্টেট ব্যাপী গাড়ি চালায়। প্রত্যেকের জন্য ভ্রমণকে আরো সহজ এবং নিরাপদ করার জন্য আমরা ছুটির সপ্তাহান্তে নির্মাণ কার্যক্রম স্থগিত করব যাতে আইন প্রয়োগকারী সংস্থাগুলি সড়ক নিরাপত্তা ব্যবস্থায় তাদের প্রচেষ্টাকে কেন্দ্রীভূত করতে পারে। আমরা সকলেই আমাদের সমাবেশে এবং উদযাপনে নিরাপদে যেতে চাই, এ কারণেই আমাদের গাড়ি চালকদের নিরাপদ ড্রাইভিং অনুশীলনকে তাদের শীর্ষ অগ্রাধিকার হিসেবে গ্রহণ করতে হবে। প্রথম এবং সর্বোপরি এর অর্থ হলো আপনি যদি মদ্যপ বা নেশাগ্রস্ত হন তবে গাড়ি চালাবেন না; সিট বেল্ট বেধে নিন, আপনার ফোন বন্ধ করুন এবং আপনার ড্রাইভিংয়ে মনোযোগ দিন। আসুন আমরা সবাই মিলে সকল নিউইয়র্কারের জন্য একটি সুখী সমৃদ্ধ এবং নিরাপদ থ্যাংকসগিভিং নিশ্চিত করি।"

নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটির নির্বাহী পরিচালক Frank G. Hoare (ফ্রাঙ্ক জি. হোয়ারে) বলেন, "ছুটির মৌসুমে নিউ ইয়র্কের সড়কগুলিতে বাড়তি যাতায়াতের কারণে, আমরা গাড়ি চালকদের সতর্ক থাকতে, বেপরোয়া এবং মদ্যপ বা নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি না চালাতে এবং গাড়ি চালানোর সময় নিরাপদ সিদ্ধান্ত নিতে অনুরোধ জানাই। আমাদের কর্মচারী এবং জরুরি সেবা কর্মীরা ছুটির সপ্তাহান্তে গ্রাহকদের সহায়তা করার জন্য সড়কে থাকবেন এবং তারা দিনের শেষে তাদের প্রিয়জনদের কাছে বাড়ি ফিরে যেতে চান। আমরা নিউ ইয়র্ক স্টেট পুলিশ ট্রুপ টি-এ আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই, যারা থ্রুয়ে পেট্রোল করছেন এবং চালকদের নিরাপদ রাখার জন্য অগ্রণী ভূমিকা পালন করছেন।"

স্টেট পুলিশ রাজ্যজুড়ে নিয়মিত পেট্রোলের পরিপূরক হিসেবে নির্দিষ্ট মদ্যপান চেকপয়েন্ট এবং কনসিলড আইডেন্টিটি ট্রাফিক এনফোর্সমেন্ট (Concealed Identity Traffic Enforcement,

CITE) পেট্রোল গাড়ি ব্যবহার করে মদ্যপ বা নেশাগ্রস্ত ড্রাইভার এবং যারা হাতের ডিভাইসে কথা বলছেন বা টেক্সট করছেন তাদের সহজে চিহ্নিত করতে কাজ করে যাবে। চিহ্নহীন এই যানবাহনগুলো প্রতিদিনের ট্র্যাফিকের সাথে মিশে যায় তবে একবার জরুরি আলো সক্রিয় করা হলে সেগুলো জরুরি গাড়ি হিসেবে সহজেই চিহ্নিত করা যায়।

গড় মদ্যপান বা নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোরজন্য গ্রেফতারের খরচ 10,000 ডলার পর্যন্ত হতে পারে। মদ্যপান ও মাদক সেবন করে গাড়ি চালানোর জন্য গ্রেপ্তার হওয়া ড্রাইভারদের যেসব পরিণতির সম্মুখীন হতে হয় যেমন, তাদের ড্রাইভিং লাইসেন্স হারানো, উচ্চতর বীমা প্রিমিয়াম, এবং আইনজীবীর ফি, জরিমানা, গাড়ি টেনে নিয়ে যাওয়া ও মেরামত, এবং কাজের সময় হারানোর মতো অনাকাঙ্ক্ষিত খরচের মুখে পড়তে হয়।

গভর্নর ট্রাফিক সেফটি কমিটি (Governor's Traffic Safety Committee, GTSC) এবং নিউ ইয়র্ক স্টেট STOP-DWI ফাউন্ডেশন যানবাহন চালকদের এটা মনে করিয়ে দেয় যে তাদের "হ্যাভ এ প্ল্যান" মোবাইল অ্যাপটি Apple, Android ও Windows স্মার্টফোনেরজন্য উপলভ্য। অ্যাপটি নিউ ইয়র্কারদের একটি ট্যাক্সি বা রাইড শেয়ার পরিষেবা খুঁজে বার করতে এবং কল করতে এবং একটি মনোনীত ড্রাইভার তালিকা প্রোগ্রাম করতে সক্ষম করে। এটি DWI আইন এবং জরিমানা সম্পর্কেও তথ্য প্রদান করে, এবং একজন সন্দেহভাজন চালক সম্পর্কে রিপোর্ট করারও উপায় প্রদান করে।

কন্সট্রাকশন ক্লোজার বাতিল করা হয়েছে

অতিরিক্ত মদ্যপ বা নেশাগ্রস্ত এবং বিভ্রান্তি তৈরি করা ড্রাইভিংয়ের প্যাট্রোল বৃদ্ধি করার পাশাপাশি, ব্যস্ত ছুটির সপ্তাহান্তে যাতায়াত সহজ করতে, নিউ ইয়র্ক স্টেট হাইওয়েতে রোড এবং ব্রিজ নির্মাণ প্রকল্পের জন্য অস্থায়ী লেন বন্ধের কাজ 27 নভেম্বর, বুধবার সকাল 6টা থেকে 2 ডিসেম্বর, সোমবার সকাল 6টা পর্যন্ত স্থগিত থাকবে। এটি নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার ফার্স্ট ইনিশিয়েটিভের সাথে সামঞ্জস্যপূর্ণ (New York State's Drivers First Initiative) এবং এটি সড়ক ও ব্রিজের কাজের কারণে যানজট এবং ভ্রমণে দেরি হওয়া কমিয়ে আনতে গাড়িচালকদের সুবিধাকে অগ্রাধিকার প্রদান করে। কিছু কাজ স্থায়ী কংক্রিট বাধার পিছনে বা জরুরি মেরামতের জন্য চলতে পারে।

লেন বন্ধ হওয়া সত্ত্বেও, চালকদের অবশ্যই স্টেটের মুভ ওভার আইন মেনে চলতে হবে, যা মার্চ মাসে প্রসারিত হয়েছিল এবং এতে করে চালকদের গতি কমিয়ে আনতে হবে এবং রাস্তার পাশে থেমে থাকা সকল প্রকার যানবাহন সরিয়ে ফেলতে হবে। 2024 সালে থ্রুওয়ে কর্তৃপক্ষের দুইজন কর্মচারী নিহত হয় এবংথ্রুওয়েতে কাজ করার সময় যানবাহন চলাচল করতে না পারায় পৃথক ঘটনায় আরেকজন গুরুতর আহত হয়। থ্রুওয়ে অথরিটি এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন গাড়ি চালকদের গাড়ি চালানোর সময় সতর্ক থাকতে, রাস্তার পাশে গাড়ি দেখলে গতি কমাতে এবং সরে যাওয়ার জন্য অনুরোধ করে। কর্মচারী, সড়ক শ্রমিক ও জরুরি কর্মীদের জীবন তাদের উপর অনেকটা নির্ভর করে।

টেক্সট স্টপ, পার্ক-এন্ড-রাইড সুবিধা, বিশ্রামের স্টপ, পরিষেবা এলাকা এবং স্টেটের হাইওয়ে বরাবর পার্কিং এলাকা সহ, বেপরোয়া ড্রাইভিং কমাতে স্টেটের প্রচেষ্টাকে সহায়তা করে। সব

টেক্সট স্টপ খোলা থাকবে, যেখানে গাড়ি চালকরা কল করা, টেক্সট পাঠানো, নেভিগেট করা ও মোবাইল অ্যাপ অ্যাক্সেস করার জন্য নিরাপদে ও সুবিধাজনক উপায়ে তাদের ফোন ও অন্যান্য মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারবেন। গাড়ি চালানোর সময় টেক্সট করা বিশেষ করে বিপজ্জনক, কারণ এতে মোটরচালকদের তাদের চোখ রাস্তা থেকে সরাতে হয়, স্টিয়ারিং থেকে হাত সরাতে হয় এবং গাড়ি চালানো থেকে মন সরাতে হয়।

NYS শেরিফস অ্যাসোসিয়েশনের ডেলাওয়্যার কাউন্টি শেরিফ ও প্রেসিডেন্ট Craig DuMond (ক্রেগ ডুমন্ড) বলেন, "থ্যাঙ্কসগিভিং ছুটির দিনটি পরিবার এবং বন্ধুদের সাথে সময় কাটানোর একটি দুর্দান্ত সুযোগ। অ্যালকোহল বা মাদকাসক্ত হয়ে গাড়ি চালিয়ে আপনার বা অন্য কারো জীবনকে বিপন্ন করবেন না। নিউ ইয়র্ক স্টেটের শেরিফরা চান আপনি দীর্ঘ ছুটির সপ্তাহান্তে উপভোগ করুন এবং মদ্যপ বা নেশাগ্রস্ত হলে গাড়ি না চালানোর পরিকল্পনা করুন।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অব চিফস অব পুলিশ প্রেসিডেন্ট ও সিটি অব বাটাভিয়া পুলিশ ডিপার্টমেন্টের প্রধান Shawn Heubusch (শন হিবুশ) বলেন, "কৃতজ্ঞতারএই মৌসুমে আসুন আমরা নিরাপদ ভ্রমণ উপহার দিই। সতর্ক থাকুন, সিটবেল্ট পরুন এবং সাবধানে গাড়ি চালান - আপনার প্রিয়জনরা বাড়িতে আপনার অপেক্ষায়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন